

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৯৩.১৯.৭২

তারিখঃ

২৬ মাঘ ১৪২৬
০৭ ফেব্রুয়ারি ২০২০

অভিযোগনামা


যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল আজিজ সরকার, প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি বঙ্গাবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বিদেশ ভ্রমণ, দীর্ঘদিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, শ্রেণি কক্ষে পাঠদান না করা, জাতীয় দিবসসমূহের অনুষ্ঠানে অনুপস্থিত থাকা ও সরকারি কাজে বাধা প্রদান করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোঃ আব্দুল আজিজ সরকার
প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি বঙ্গাবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

জনাব মোঃ আব্দুল আজিজ সরকার

পিতা: আজিম উদ্দিন মুন্সী

মাতা: আসিয়া খাতুন

গ্রাম: চকবড়ুল, ডাকঘর, বাদিয়া খালী, উপজেলা-গাইবান্ধা সদর, জেলা- গাইবান্ধা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোঃ আব্দুল আজিজ সরকার, প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি বঙ্গবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বিদেশ ভ্রমণ, দীর্ঘদিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, শ্রেণি কক্ষে পাঠদান না করা, জাতীয় দিবসসমূহের অনুষ্ঠানে অনুপস্থিত থাকা ও সরকারি কাজে বাধা প্রদান করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ আব্দুল আজিজ সরকার, প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি বঙ্গবন্ধু কলেজ, পল্লবী, ঢাকা-কে সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

